

একই নম্বর ও তারিখ সম্বলিত আদেশের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০২৯.১৪-৩৮৬

তারিখঃ ০৩ ভাদ্র ১৪২৩
১৮ আগস্ট ২০১৬

বিষয়ঃ বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

সূত্রঃ বিএনসি/২০১৬/৫১৮, তারিখ: ১৪-০৮-২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুরাইয়া বেগম, রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ঢাকাকে তাঁর পরিবারের সাথে ভারত ভ্রমণের জন্য আগামী ০৯-০৯-২০১৬ তারিখ থেকে ১৯-০৯-২০১৬ তারিখ পর্যন্ত মোট ১১ দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে মঞ্জুর করা হলো:

- (ক) তিনি ছুটি শেষে যথাসময়ে দেশে ফিরে কর্মস্থলে যোগদান করবেন।
- (খ) ছুটিকালীন সময়ের বেতন-ভাতাদি বাংলাদেশ হতে বাংলাদেশী মুদ্রায় উত্তোলন করবেন।
- (গ) এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি নিজে বহন করবেন এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।

২। আলোচ্য সফরে তাঁর স্বামী শাহজাহান কবির ও মেয়ে শারমিন কবির শিমুলকে নিজ খরচে সফর সঙ্গী করার অনুমতি প্রদান করা হলো।

৩। এমতাবস্থায়, বেগম সুরাইয়া বেগম, রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ঢাকা এর বিদেশ গমনকালীন সময়ে উক্ত কাউন্সিলের ডেপুটি রেজিস্ট্রার, মিসেস আরতী রানী দাসকে রেজিস্ট্রারের দৈনন্দিন কার্যক্রম (রুটিন দায়িত্ব) পালনের জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

স্বা.
(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০২৯.১৪-৩৮৬/(১০)

তারিখঃ ০৩ ভাদ্র ১৪২৩
১৮ আগস্ট ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ২। বাংলাদেশ হাই কমিশন, নয়া দিল্লী, ভারত।
- ৩। ভারতীয় হাই কমিশন, ঢাকা, বাংলাদেশ।
- ৪। সিনিয়র সহকারী সচিব (কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। বহিঃ গমন কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/স্থল বন্দর.....।
- ৭। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সুরাইয়া বেগম, রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণীবিজয় নগর, ঢাকা।
- ৯। মিসেস আরতী রানী দাস, ডেপুটি রেজিস্ট্রার, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণীবিজয় নগর, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বা.
(মোঃ লুৎফর রহমান)